

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☎: +৮৮-০২-৯৩৩৩৬৫১ ☎: +৮৮-০২-৯৩৪২২২৬, scouts.gov.bd

পত্র নং: বা: স্কা: (মেম্বারশীপ রেজি:)/২৫৭৯(৫০)/২০২০

তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২০
২৮ মাঘ ১৪২৬

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

বিষয়: মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিষয়ক জাতীয় ওয়ার্কশপে অংশগ্রহণ সম্পর্কীয়।

জনাব,

বাংলাদেশ স্কাউটস দেশের সকল স্কাউটকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ার আওতায় আনার প্রস্তুতি সম্পন্ন করেছে। সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই ইনোভেশন প্রকল্পের আর্থিক সহায়তায় বাংলাদেশ স্কাউটস এর আইসিটি বিভাগের মাধ্যমে তৈরীকৃত অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টালের মাধ্যমে স্কাউট সদস্যগণের নিবন্ধনের জন্য একটি ডাটাবেজ তৈরী করা হয়েছে। এই প্রক্রিয়ার মাধ্যমে উপজেলা/জেলায় রেজিস্টার্ড স্কাউট সদস্যবৃন্দকে স্কাউট আইডি প্রদান করা হবে এবং বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন কর্মসূচি সম্পর্কে অনলাইনে নোটিফিকেশন, বিভিন্ন আবেদন জমা দেয়াসহ স্কাউটস এর সদস্য ও সাধারণ জনগণ সহজেই অনলাইনে বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন সেবা গ্রহণ করতে পারবে।

দেশব্যাপী স্কাউটদের অনলাইন মেম্বারশীপ রেজিস্ট্রেশনের কার্যক্রম গতিশীল ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে আগামী ৭মার্চ ২০২০ (শনিবার) তারিখে বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতরে দিনব্যাপী জাতীয় মেম্বারশীপ রেজিস্ট্রেশন বিষয়ক জাতীয় ওয়ার্কশপ আয়োজন করা হবে।

উক্ত ওয়ার্কশপে অংশগ্রহণের লক্ষ্যে অঞ্চলের আওতায় নিম্নবর্ণিতগণ অংশগ্রহণ করবেন:

ক) আঞ্চলিক উপ কমিশনার (মেম্বারশীপ রেজিস্ট্রেশন/ আইসিটি/ সংগঠন);


খ) আঞ্চলিক সম্পাদক/ অঞ্চল ও জেলার স্কাউট পোর্টাল পরিচালনাকারী/ আইসিটি বিষয়ে অভিজ্ঞ জেলা ও উপজেলা ইউনিট লিডার/ আইসিটিতে দক্ষ মহিলা স্কাউটার;

গ) অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ।

এর মধ্য থেকে অঞ্চলভিত্তিক ৩ জন প্রতিনিধি মনোনীত করে তাঁদের নামের তালিকা আগামী ২০ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জাতীয় সদর দফতরে প্রেরণ করার জন্য অনুরোধ জানাই।

অংশগ্রহণকারীদের ইন্টারনেট সংযুক্ত ল্যাপটপ, স্মার্ট ফোন, অনলাইন ডাটাবেজ পোর্টালে লগইন করার জন্য নিজ অঞ্চল/ জেলা/ উপজেলা/ স্কাউট গ্রুপের/ ব্যক্তিগত ইউজারনেম ও পাসওয়ার্ড/ বিএস আইডি নিয়ে আসতে হবে ও তা ব্যবহারের দক্ষতা থাকতে হবে। বর্ণিত ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের প্রকৃত যাতায়াত ও আনুষঙ্গিক ব্যয় সংশ্লিষ্ট অঞ্চলের স্কাউট তহবিল থেকে বহন করা যেতে পারে।

এমতাবস্থায়, অঞ্চল কর্তৃক মনোনীত অংশগ্রহণকারীগণের ডেপুটেশন প্রদানপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী ৭মার্চ ২০২০ সকাল ৮:৩০ টার মধ্যে জাতীয় স্কাউট ভবন, কাকরাইল, ঢাকায় প্রয়োজনীয় প্রস্তুতিসহ স্কাউট পোশাকে উপস্থিত ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। আঞ্চলিক উপ কমিশনার (মেম্বারশীপ রেজিস্ট্রেশন/ আইসিটি/ সংগঠন), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। আঞ্চলিক পরিচালক/ উপপরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৩। অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টালের মনোনীত অঞ্চল অ্যাডমিন, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;

সদয় জ্ঞাতার্থে:

- ১। জাতীয় কমিশনার (মেম্বারশীপ রেজিস্ট্রেশন), বাংলাদেশ স্কাউটস;
- ২। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।